

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০২.০১৪.১৮.৩২৪

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৫

০৬ আগস্ট ২০১৮

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা ২০১৮ এর আলোকে নিম্ন মাধ্যমিক এম.পি.ও ভুক্ত বিদ্যালয়ে সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদটি প্যাটার্নভুক্ত হওয়ায় উক্ত বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগ ও এম.পি.ও প্রদান সংক্রান্ত।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬-৮৯৫৩, তারিখ: ৩১.০৭.২০১৮ খ্রি:
উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর ২৪ (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী এ নীতিমালার আওতায় প্যাটার্নভুক্ত পদে নিয়োগ এবং এম.পি.ও প্রদানের বিষয়ে নিম্নরূপ আদেশ জারি করা হলো :

(ক) নিম্ন মাধ্যমিক স্তরে এম.পি.ও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে ইতোমধ্যে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এম.পি.ও প্রদানের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে ;

(খ) এ নীতিমালা জারি হওয়ার পর বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর মাধ্যমে সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) এর শূন্য পদে নিয়োগের জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



৬-৮-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,
ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০২.০১৪.১৮.৩২৪/১(৬)

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৫

০৬ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৪) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৫) সিনিয়র সহকারী সচিব, বাজেট-২, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।



৬-৮-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব